

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৯৮৯

পরস্পর সালাম বিনিময়

পরিচ্ছেদঃ ৪৪৯- সালামের প্রসার।

بَابُ إِفْشَاءِ السَّلام

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللهِ، قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي حَازِمٍ، وَالْقَعْنَبِيُّ، عَنْ عَبْدِ الْعَزِيزِ، عَنِ الْعَلاَءِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: لاَ تَدْخُلُوا الْجَنَّةَ حَتَّى تُوْمِنُوا، وَلاَ تُوْمِنُوا حَتَّى تَحَابُوا، أَلاَ أَدُلُّكُمْ عَلَى مَا تَحَابُونَ بِهِ؟ قَالُوا: بَلَى، يَا رَسُولَ اللهِ، قَالَ: أَقْشُوا السَّلامَ بَيْنَكُمْ.

বাংলা

৯৮৯। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা ঈমানদার না হওয়া পর্যন্ত বেহেশতে প্রবেশ করতে পারবে না। তোমরা পরস্পরকে মহব্বত না করা পর্যন্ত ঈমানদার হতে পারবে না। আমি কি তোমাদের এমন জিনিস জ্ঞাত করবো না, যাতে তোমাদের পরস্পরের মধ্যে মহব্বত সৃষ্টি হয়? সাহাবাগণ বলেন, নিশ্চয় ইয়া রাসূলাল্লাহ! তিনি বলেনঃ তোমাদের মধ্যে সালামের বহুল প্রসার ঘটাও। (মুসলিম)

English

Abu Hurayra reported that the Prophet, may Allah bless him and grant him peace, said, "You will not enter the Garden until you believe and you will not believe until you love one another. Shall I tell you something the doing of which will give you love of one another?" "Yes, Messenger of Allah," they replied. The Prophet said, "Make the greeting common practice among you."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🐧 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন